



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৪৩৮৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১৬৯৬

তারিখ: ২৬-০৭-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ১৩-০৭-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৭২৪৬))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাধীন জি বি ডি মাধ্যমিক বিদ্যালয় এর অনুমোদিত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব সৈয়দ মুফতি মেহেমুদ একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৬-০৭-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

জেলা শিক্ষা অফিসার
বাগেরহাট।

সংযুক্তি: অভিযোগের ছায়ািলপি

নথি নং-বিঅ-৬/৪৩৮৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১৬৯৬ (৬)

তারিখ: ২৬-০৭-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চিতলমারী, বাগেরহাট।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিতলমারী, বাগেরহাট।
- ৪। প্রধান শিক্ষক, জি বি ডি মাধ্যমিক বিদ্যালয়, বড়গুণী, চিতলমারী, বাগেরহাট।
- ৫। অভিযোগকারী, জনাব সৈয়দ মুফতি মেহেমুদ (০১৩১৫-০১১১৭৬), বড়গুণী, চিতলমারী, বাগেরহাট।
- ৬। অফিস নথি।

২৬-০৭-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

তারিখঃ ২০১০৭১২২

বরাবর,
বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয় : অবৈধ ম্যানেজিং কমিটি বাতিল প্রসঙ্গে।

জনাব,
যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদক এই যে, আমি সৈয়দ মুফতি মেহেমুদ, পিতা- মৃত সৈয়দ মোশারফ হোসেন, সাং- ঘোলা, ডাকঘর- বড়গুনি, থানা- চিতলমারি, জেলা- বাগেরহাট। লিখিত ভাবে যানাইতেছি যে, চিতলমারি উপজেলাধীন জি.বি.ডি মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি সৈয়দ আনিছুর রহমান, পিতা- সৈয়দ মুজিবুর রহমান, সাং- ঘোলা, ডাকঘর- বড়গুনি, থানা- চিতলমারি, জেলা- বাগেরহাট। সূত্রঃ প্রধান শিক্ষকের ০২-০১-২০২২ ইং তারিখের আবেদনের (আইডি-১১৬৪৯), প্রেক্ষিতে গত ০১-০২-২০২২ ইং তারিখ স্মারক নং- বিঅ-৬/৪৩৮৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৭৬৬৬ অনুমোদিত কমিটির সভাপতি, ভূমিদাতা সদস্য হিসাবে সভাপতি নির্বাচিত হন। যাহা সম্পূর্ণ অবৈধ ও ভূয়া (জাল) কাগজপত্রের মাধ্যমে অবৈধ ভাবে সভাপতির দায়িত্ব পালন করছে। সভাপতির পিতা সৈয়দ মুজিবুর রহমান, ৩৩৯৭/১৯৮৪ দলিল মূলে জি বি ডি আবুল কাশেম উচ্চ বিদ্যালয়ের নামে জমি দান করেন। উক্ত জমি বড়বাড়ীয়া মৌজার ৩৫০ নং খতিয়ানে অবস্থিত। রেকর্ড অনুযায়ী জি বি ডি মাধ্যমিক বিদ্যালয়টি বড়গুনি মৌজায় অবস্থিত, যার বর্তমান খতিয়ান নং- ৮, এস.এ খতিয়ান-৩৬০, জি বি ডি আবুল কাশেম উচ্চ বিদ্যালয়ের নামে দানকৃত জমিটি জি বি ডি মাধ্যমিক বিদ্যালয়ের সাথে কোন সম্পৃক্ততা নেই। দুটি প্রতিষ্ঠান সম্পূর্ণ আলাদা। উক্ত অবৈধ ম্যানেজিং কমিটি গঠনের পূর্বে অভিভাবক শ্রেণির সদস্য সুজিৎ কুমার মন্ডল, বাগেরহাট আদালতে একটি মামলা দায়ের করা হয়। মামলা নং- ২৪১/২১, মামলার সমন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহ সংশ্লিষ্ট দপ্তরকে আদালত প্রেরণ করেন। সমন পাওয়া সত্ত্বেও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ক্ষমতার অপব্যবহার করে প্রধান শিক্ষককে কমিটি করতে বাধ্য করেন।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন এই যে, উপরোক্ত বিষয় বিবেচনা পূর্বক অবৈধ কমিটি বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

সৈয়দ মুফতি মেহেমুদ

সৈয়দ মুফতি মেহেমুদ,
মোবাইলঃ ০১৩১৫-০১১১৭৬